

প্রথম ধাপে ভর্তির পর হাবিপ্রবিতে ফাঁকা আসন ৫৭৭

নিজস্ব প্রতিবেদক, হাবিপ্রবি

প্রকাশিত: ০০:৫৩, ২৪ মে ২০২৫; আপডেট: ০০:৫৪, ২৪ মে ২০২৫



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের প্রথম ধাপের ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২১ ও ২২ মে, দুই কার্যদিবসে সম্পন্ন হওয়া এই ধাপে ভর্তি হয়েছেন ১,২১৮ জন শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ে

মোট ১,৭৯৫টি আসনের বিপরীতে ভর্তি সম্পন্ন হয়েছে ৬৭.৮৫ শতাংশ, অর্থাৎ ৫৭৭টি আসন এখনও ফাঁকা রয়েছে।



ইউনিটভিত্তিক ভর্তি চিত্র


A ইউনিট (কৃষি ও প্রাণিসম্পদ)

এই ইউনিটে মোট আসন ছিল ৫৩৫টি, যার মধ্যে ভর্তি হয়েছে ৪২৪ জন শিক্ষার্থী। ভর্তি অনুপাতে ভর্তি হয়েছে প্রায় ৭৯ শতাংশ।

- কৃষি অনুষদ: ৩০৫ জন (ফাঁকা ৭০টি)
- ডিভিএম: ৫৮ জন (ফাঁকা ২২টি)
- ফিসারিজ: ৬১ জন (ফাঁকা ১৯টি)

B ইউনিট (ইঞ্জিনিয়ারিং ও বিজ্ঞান অনুষদ)

এই ইউনিটে মোট আসন ছিল ৭৪০টি। ভর্তি হয়েছে ৪৫১ জন, যা মোট আসনের ৬১ শতাংশ।



নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

- সিএসই: ৩৫ জন
- ইসিই: ৩৭ জন
- ইইই: ৩৩ জন
- ফুড প্রসেসিং: ৩৮ জন
- কৃষি প্রকৌশল: ৩১ জন
- সিভিল: ২৮ জন
- মেকানিক্যাল: ৩৮ জন
- আর্কিটেকচার: ১৭ জন
- রসায়ন: ৪৩ জন
- পদার্থবিজ্ঞান: ৪৮ জন
- গণিত: ৫২ জন
- পরিসংখ্যান: ৫১ জন

C ইউনিট (ব্যবসায় শিক্ষা অনুষদ)

মোট আসন ছিল ২৮০টি, ভর্তি হয়েছে ১৯৯ জন, যা ৭১ শতাংশ।

- হিসাববিজ্ঞান: ৪৬ জন
- ফিন্যান্স ও ব্যাংকিং: ৪৯ জন
- ম্যানেজমেন্ট: ৪৫ জন
- মার্কেটিং: ৫৯ জন

D ইউনিট (সামাজিক বিজ্ঞান অনুষদ)

মোট ২৪০টি আসনের মধ্যে ভর্তি হয়েছে ১৪৪ জন, যা ৬০ শতাংশ।

- অর্থনীতি: ৫৩ জন
- ইংরেজি: ৩৭ জন
- ডেভেলপমেন্ট স্টাডিজ: ১৯ জন
- সমাজবিজ্ঞান: ৩৫ জন

দ্বিতীয় ধাপের ভর্তি ২৮ ও ২৯ মে

প্রথম ধাপ শেষে আসন শূন্যতার বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর কবির বলেন, প্রথম ধাপ শেষে মোট ৫৭৭টি আসন ফাঁকা রয়েছে। এসব আসনে ভর্তির জন্য আগামী ২৮ ও ২৯ মে দ্বিতীয় ধাপের ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, দ্বিতীয় ধাপে ভর্তি কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে এবং নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীদের অনলাইনে আবেদন ও ভর্তির নির্দেশনা দেওয়া হবে।